

## মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।

তারিখ : ০৫/০২/২০২১,

সময় : ১০ঃ০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মিরপুর, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, পোড়াদহ ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, বারুইপাড়া ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ধুবইল ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৫	সংরক্ষিত মহিলা সদস্য, ০৪ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সদস্য	--
৬	উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্যকার সভায় মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া। এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধন ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পর্যায়ক্রমিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের আগমন ও প্রস্থান যথাসময়ে নিশ্চিতকরণ	ইদানিং কালে প্রায়ই দেখা যায় বেশ কিছু শিক্ষক অনিয়মিতভাবে বিদ্যালয়ে আগমন ও প্রস্থান করছেন। এজন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের আগমন ও প্রস্থান যথাসময়ে নিশ্চিতকরণের জন্য বিদ্যালয় মনিটরিং জোরদার করতে হবে।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
২	বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন নিলাম সংক্রান্ত	সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় এইউইও দের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে, মোট ৫ টি বিদ্যালয়ের পুরাতন ভবন ও গাছ নিলাম দেওয়া প্রয়োজন। এ বিষয়ে একটি তালিকা উপস্থাপন করা হয়। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা হয়। উক্ত বিষয়ে আলোচনা অন্তে উপজেলা প্রকৌশলীকে বাস্তব অবস্থা পর্যালোচনা করে রিপোর্ট প্রদান করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী
৩	বিদ্যালয়ের এস,এম,সি, এলাকার জনগণ ও শিক্ষকগণের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা	বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক এস,এম,সি এর অন্যান্য সদস্য এবং এলাকার জনগণের সাথে সমন্বয় সাধন করে সুসম্পর্ক বজায় রাখবে এবং কোন সমস্যা থাকলে সুচারুরূপে সমাধান করার প্রচেষ্টা চালাবে। সেইসাথে ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে মর্মে মতামত ব্যক্ত করেন। উপস্থিত সকল সদস্য এবিষয়ে একমত পোষন করেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে এস,এম,সি ও অন্যান্য সদস্যদের সাথে সুসম্পর্ক বজায় রাখা এবং ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
৪	প্রাথমিক শিক্ষা বিভাগ বহির্ভূত কর্মকর্তাগণ কর্তৃক বিদ্যালয় পরিদর্শন	প্রাথমিক বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রম মনিটরিং করার জন্য প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাগণের প্রাথমিক শিক্ষা বিভাগ বহির্ভূত কর্মকর্তাগণ কর্তৃক বিদ্যালয় পরিদর্শনের ব্যবস্থা করতে হবে।	উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তা

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোছাঃ মর্জিনা খাতুন)  
 মহিলা ভাইস-চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।।

ও  
 সভাপতি  
 প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
 মিরপুর, কুষ্টিয়া।